

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৫২২

১৩/ সুনাহ

পরিচ্ছেদঃ অনুসরণের নমুনা

## আরবী

عَنْ أَبِى أُسَيْدِ الأَنْصَارِيِّ أَنَّهُ سَمِعَ رَسُولَ اللهِ عَلَيْ يَقُولُ وَهُوَ خَارِجٌ مِنَ الْمَسْجِدِ
فَاخْتَلَطَ الرِّجَالُ مَعَ النِّسَاءِ فِى الطَّرِيقِ فَقَالَ رَسُولُ اللهِ عَيَلِيُ لِلنِّسَاءِ اسْتَأْخِرْنَ فَإِنَّهُ لَيْسَ
لَكُنَّ أَنْ تَحْقُقْنَ الطَّرِيقَ عَلَيْكُنَّ بِحَافَاتِ الطَّرِيقِ فَكَانَتِ الْمَرْأَةُ تَلْتَصِقُ بِالْجِدَارِ حَتَّى إِنَّ لَكُنَّ أَنْ تَحْقُقْنَ الطَّرِيقَ عَلَيْكُنَّ بِحَافَاتِ الطَّرِيقِ فَكَانَتِ الْمَرْأَةُ تَلْتَصِقُ بِالْجِدَارِ حَتَّى إِنَّ ثَوْبَهَا لَيَتَعَلَّقُ بِالْجِدَارِ مِنْ لُصُوقِهَا بِهِ

## বাংলা

(১৫২২) আবূ উসাইদ আনসারী (রাঃ) বলেন, এক সময় মসজিদ থেকে বের হয়ে পুরুষ ও মহিলাদেরকে এক সঙ্গে পাশাপাশি রাস্তায় চলতে দেখে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেন, "হে মহিলাগণ! তোমরা পিছিয়ে যাও। পথের মধ্যভাগে চলা তোমাদের জন্য সমীচীন নয়; বরং তোমরা পথের এক পাশ দিয়ে চলাচল কর।" মেয়েরা সঙ্গে সঙ্গে দেওয়াল ঘেষে চলতে আরম্ভ করল। এমন কি তারা এমনভাবে দেওয়াল ঘেষে চলতে লাগল যে, তার ফলে তাদের দেহের পরিহিত কাপড় দেওয়ালে আটকে যেত!

## ফুটনোট

(আবু দাউদ ৫২৭৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ উসাইদ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন